দৈনিক
ইত্তেফাক

তারিখ ...16. SEP. 2015...
পৃষ্ঠা ...১৯... কলাম ...৫...

—ইত্তেফাক

# জাতীয় বিশ্ববিদ্যালয়ে অনার্সে ভর্তির আবেদন ফি কমলো

■ গাজীপুর প্রতিনিধি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৫-১৬ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তির আবেদন ফি ৩০০ টাকা থেকে কমিয়ে ২৫০ টাকা ধার্য করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের সেশনজট নিরসনের লক্ষ্যে গৃহীত বিভিন্ন পদক্ষেপের অংশ হিসেবে নতুন শিক্ষাবর্ষে বিগত বছরের তুলনায় কয়েক মাস এগিয়ে এনে ১ অক্টোবর থেকে শুরু হচ্ছে। শিক্ষার্থীদের অন-লাইনের মাধ্যমে আবেদন করার শেষ তারিখ ২৫ অক্টোবর। ১ ডিসেম্বর ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস শুরু হবে। গতকাল মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।